গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট**
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/০৪৮/২(৫০৭) তারিখ: ১১.১২.২০২২ খ্রি.

**বিষয়: উপবৃত্তি অর্থ বাউন্সব্যাককৃত শিক্ষার্থীর তথ্য HSP-MIS-এ সংশোধন/হালনাগাদ এবং টিউশন ফি প্রাপ্তির লক্ষ্যে শিক্ষা প্রতিষ্ঠানের ব্যাংক একাউন্ট নম্বরসহ অন্যান্য তথ্যাদি সংশোধনের সময়বৃদ্ধি প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমন্বিত উপবৃত্তি কর্মসূচির আওতায় ২০২২ সালের ৬ষ্ঠ-১২শ শ্রেণির উপবৃত্তির জন্য নির্বাচিত শিক্ষার্থীর মাঝে ইতোমধ্যে জানুয়ারি-জুন/২২ কিস্তির উপবৃত্তি অর্থ ও শিক্ষা প্রতিষ্ঠানে জানুয়ারি-জুন/২২ কিস্তির টিউশন ফি'র অর্থ বিতরণ করা হয়েছে। কিন্তু কিছু শিক্ষার্থী এবং শিক্ষা প্রতিষ্ঠানের একাউন্ট নম্বরসহ অন্যান্য ভুল তথ্যের কারণে (Bounce Back/Returned) উপবৃত্তি ও টিউশন ফি'র অর্থ প্রেরণ করা সম্ভব হয়নি।

**শিক্ষার্থীদের ভুল তথ্য এবং শিক্ষা প্রতিষ্ঠানের প্রোফাইল ফরম সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ কর্তৃক HSP-MIS এ সংশোধনের সময়সীমা ১১.১২.২০২২ তারিখ পর্যন্ত নির্ধারিত ছিল। বিশেষ বিবেচনায় তথ্য সংশোধন/হালনাগাদ করার সময়সীমা আগামী ২২.১২.২০২২ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক HSP-MIS এ লগইন করে (http://hspbd.com/HSP-MIS/login) আবশ্যিক ভাবে নিম্নরূপ প্রক্রিয়া অনুসরন করে তথ্য সংশোধন/হালনাগাদ করার জন্য অনুরোধ করা হলো।**

**ক) শিক্ষার্থীদের ভুল তথ্য সংশোধনের নিয়মাবলী:**

- HSP-MIS-এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে 'উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থী' বাটনে ক্লিক করুন;
- 'শিক্ষার্থীর তথ্য আপডেট' বাটনে ক্লিক করুন;
- 'শিক্ষার্থীর অবস্থা' বাটনে ক্লিক করে **'বাউন্সব্যাক পেমেন্ট তথ্য'** অপশন সিলেক্ট করে 'খুজুন' বাটনে ক্লিক করুন;
- 'সম্পাদন করুন' কলামের 'কলম আইকন (এডিট অপশন)' বাটনে ক্লিক করে শিক্ষার্থী/অভিভাবকের একাউন্ট নম্বরসহ যাবতীয় তথ্য সংশোধন/হালনাগাদ করে 'সংরক্ষণ' বাটনে ক্লিক করুন;
- সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

**খ) শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সংশোধন/হালনাগাদের নিয়মাবলী (শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য সঠিক থাকলে নতুন করে সংশোধন/হালনাগাদ করার প্রয়োজন নেই):**

- HSP MIS এ প্রবেশ করে মেনুবার অনুসরণ করে 'কনফিগারেশন' বাটনে ক্লিক করুন;
- 'প্রতিষ্ঠান তথ্য' বাটনে ক্লিক করুন;
- 'প্রতিষ্ঠান তালিকায়' গিয়ে খুঁজুন বাটনে ক্লিক করুন;
- 'সম্পাদন করুন' কলামের 'কলম আইকন (এডিট অপশন)' বাটনে ক্লিক করুন। অতঃপর ধারাবাহিকভাবে প্রতিষ্ঠান প্রোফাইল ফর্মের তথ্যসমূহ অর্থাৎ প্রতিষ্ঠান তথ্য (বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের মোবাইল নম্বর), প্রতিষ্ঠান শিক্ষার্থীর তথ্য, প্রতিষ্ঠান ঠিকানা, পেমেন্টের তথ্য সংশোধন/হালনাগাদ করতে হবে;
- পেমেন্ট তথ্যে টিউশন ফি প্রাপ্তির ক্ষেত্রে অবশ্যই "শিক্ষা প্রতিষ্ঠানের নামে খোলা ব্যাংক একাউন্ট নম্বর" ব্যবহার করতে হবে। অনলাইন ব্যাংক একাউন্ট নম্বর এবং হিসাবধারীর নাম হিসাবে শিক্ষা প্রতিষ্ঠানের নাম অবশ্যই ইংরেজিতে সংশোধন/হালনাগাদ করতে হবে। কোনক্রমেই হিসাবধারীর নামের স্থানে N/A, ব্যক্তিগত নাম, যৌথনাম বা অন্য কোন বিশেষ চিহ্ন (. / -) ব্যবহার করা যাবে না। প্রতিষ্ঠানের টিউশন ফি প্রাপ্তির ক্ষেত্রে অনলাইন ব্যাংক একাউন্ট (১৩ থেকে ১৭ ডিজিট) নম্বর ব্যবহার করতে হবে;
- সর্বশেষ 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে সফল মেসেজ প্রদর্শিত হবে।

**৫। তথ্য সংশোধন/হালনাগাদ করার ক্ষেত্রে একই একাউন্ট/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থী অথবা একাধিক শিক্ষা প্রতিষ্ঠানের বিপরীতে ব্যবহার করা যাবে না।**

HSP File 290

৬। সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাঁর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগনকে উক্ত বিষয়টি অবহিতকরণসহ মনিটরিং করবেন। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পন্ন করতে ব্যর্থ হলে সৃষ্ট যে কোন সমস্যার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৭। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার বা শিক্ষা প্রতিষ্ঠানের User Name/ID ও Password ভুলে গেলে বা অন্য কোন কারণে HSP-MIS এ লগইন করতে না পারলে সংশ্লিষ্ট উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার মাধ্যমে mis.hsp@pmeat.gov.bd ই-মেইলে যোগাযোগ করার অনুরোধ করা হলো।

(মোহাম্মদ আসাদুল হক)
স্কিম পরিচালক (উপসচিব)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা
সকল উপজেলা/থানা।

স্মারক নং-এইচএসপি/মাঠ পর্যায়ে যোগাযোগ/০৪/২০১৯/৫৪৬(৫০৭/১২৪) তারিখঃ ১১.১২.২০২২ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। ব্যবস্থাপনা পরিচালক, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা।
০২। প্রোগ্রাম কো-অর্ডিনেটর, পিসিইউ, এসইডিপি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৪। মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০৫। সকল কর্মকর্তা, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (দায়িত্ব প্রাপ্ত বিভাগ/জেলা অনুযায়ী সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক কর্মকর্তার সাথে যোগাযোগপূর্বক কার্যক্রম পরিবীক্ষণের অনুরোধসহ)।
০৬। টীম লিডার (আইটি), SPFMS, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, সকল উপজেলা।
০৮। জেলা শিক্ষা অফিসার, সকল জেলা।
০৯। উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার, সকল উপজেলা/থানা।
১০। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (কর্মসূচিভুক্ত), সকল শিক্ষা প্রতিষ্ঠান।
১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মাউশি এর ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১২। প্রোগ্রামার, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং HSP-MIS-এ 'শিক্ষার্থীর তথ্য আপডেট' অপশন শিক্ষা প্রতিষ্ঠানের জন্য উন্মুক্তকরণের অনুরোধসহ)
১৩। প্রোগ্রামার, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৪। সংরক্ষণ নথি।

(মোঃ তৌফিক এরফান)
সহকারী পরিচালক (প্রশাসন)
সমন্বিত উপবৃত্তি কর্মসূচি
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট